গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২২২/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার, ১৫ মে ২০১৮, ১ জৈষ্ঠ্য ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নাম পরিবর্তন
বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফল উৎক্ষেপণে মন্ত্রিসভায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন

২। স্পিকারের সঙ্গে চীনা প্রতিনিধিদলের সাক্ষাৎ

৩। খুলনা সিটি নির্বাচন আজ : থাকবে দেশি-বিদেশি ১০০০ পর্যবেক্ষক ও সাংবাদিক

৪। চীনের দুই প্রতিষ্ঠানের সঙ্গে ডিএসই'র চুক্তি

৫। মৌলভীবাজারের শ্রীমঙ্গল নিলাম কেন্দ্র চা উৎপাদনকারীদের ব্যয় কমাবে : বাণিজ্যমন্ত্রী

৬। কোটার ব্যাপারে প্রধানমন্ত্রীর ওপর আস্থা রাখার আহ্বান যোগাযোগমন্ত্রীর

৭। আগামীবছর জিডিপি ৮ ভাগ ছাড়িয়ে যাবে : পরিকল্পনামন্ত্রী

৮। রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনে বাংলাদেশ-জাপান আলোচনা

৯। জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে আলোচনা

১০। আজ সারাদেশে আতশবাজি উৎসব
ডিসেম্বরের মধ্যে সব ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট

১১। সাতকানিয়ায় জাকাতের টাকা ও ইফতার সামগ্রী নিতে এসে প্রাণ গেল ১০ জনের

চলমান পাতা-২

১। **পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নাম পরিবর্তন**

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফল উৎক্ষেপণে মন্ত্রিসভায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন

সরকার পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করেছে। এখন থেকে এ মন্ত্রণালয়ের নতুন নাম হবে- 'পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়'। গতকাল (১৪ মে সোমবার) সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রিসভার বৈঠকের পর সাংবাদিকদের ব্রিফিংকালে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন, প্রতিবেশি দেশসমূহের সঙ্গে সঙ্গতি রেখে নামের এ পরিবর্তন আনা হয়েছে। জলবায়ু পরিবর্তন এখন একটি বড় ইস্যু। তাই মন্ত্রণালয়ের নামের সঙ্গে একে নির্দিষ্ট করে রাখা হয়েছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সফল উৎক্ষেপণ হওয়ায় একটি অভিনন্দন প্রস্তাব গ্রহণ করেছে মন্ত্রিসভা। মহাশূন্যে বাংলাদেশের নিজস্ব কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফলভাবে উৎক্ষেপণ এবং বাংলাদেশ বিশ্বে ৫৭তম স্যাটেলাইট ক্ষমতাধর দেশ হিসেবে মর্যাদা পাওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজিব আহমেদ ওয়াজেদকে অভিনন্দন জ্ঞাপন করেছে মন্ত্রিসভা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

২। **স্পিকারের সঙ্গে চীনা প্রতিনিধিদলের সাক্ষাৎ**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে বাংলাদেশে সফররত চীনের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করেছে। ১৩তম ন্যাশনাল কমিটি অভ্ দি চায়নিজ পিপলস পলিটিক্যাল কনসালটেটিভ কনফারেন্সের ভাইস চেয়ারম্যান উয়াং জেং ওয়াইর নেতৃত্বে ১৬ সদস্যের এ প্রতিনিধিদল গতকাল (১৪ মে সোমবার) জাতীয় সংসদ ভবনে সাক্ষাৎ করে। সাক্ষাৎকালে স্পিকার দু'দেশের বাণিজ্য সম্প্রসারণের পাশাপাশি সহযোগিতা ও বন্ধুত্বের সম্পর্ক আরো বৃদ্ধি করে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, চীন বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধু এবং উন্নয়ন অংশীদার। দু'দশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগের সম্পর্ক বিদ্যমান। এ সম্পর্ক আরো বৃদ্ধির দু'দেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের যথেষ্ট সুযোগ রয়েছে। উয়াং জেং ওয়াই বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে চীনের অব্যাহত সহযোগিতার আশ্বাস দেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.৭), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

৩। **খুলনা সিটি নির্বাচন আজ : থাকবে দেশি-বিদেশি ১০০০ পর্যবেক্ষক ও সাংবাদিক**

খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন হচ্ছে আজ ১৫ মে মঙ্গলবার। নির্বাচন কমিশনের পক্ষ থেকে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের জন্য সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সকাল আটটা থেকে শুরু হবে ভোট গ্রহণ। চলবে বেলা চারটা পর্যন্ত। নগর পিতা নির্বাচনে সিটির প্রায় ৫ লাখ ভোটার ২৮৯ কেন্দ্রে গিয়ে তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। নির্বাচনে দেশি-বিদেশি নয়টি সংস্থার প্রায় দু'শ পর্যবেক্ষক থাকছেন। সেই সঙ্গে গণমাধ্যমকর্মীও থাকছেন অন্তত ৮০০ জন। এছাড়া নির্বাচন কমিশনের নিজস্ব ১০ জন পর্যবেক্ষকও থাকবেন। এছাড়া নির্বাচনে কোনো রাজনৈতিক দলের নেতাকর্মীদের সমর্থক ও প্রচারকর্মীদের গণগ্রেপ্তার ও হয়রানি না করার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ, প্রথম আলো, ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান নিউজ টুডে**সহ অধিকাংশ দৈনিক পত্রিকা এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **চীনের দুই প্রতিষ্ঠানের সঙ্গে ডিএসই'র চুক্তি**

চীনের দুই প্রতিষ্ঠান শেনঝেন ও সাংহাই স্টক এক্সচেঞ্জের সঙ্গে ডিএসই'র কৌশলগত বিনিয়োগকারীর চুক্তি স্বাক্ষর হয়েছে। গতকাল (১৪ মে সোমবার) অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের উপস্থিতিতে রাজধানীর এক হোটেলে এ চুক্তি স্বাক্ষর হয়। এ সময় কৌশলগত বিনিয়োগকারী হিসেবে চীনের দুই প্রতিষ্ঠানের সঙ্গে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) চুক্তিকে দেশের শেয়ারবাজারের জন্য অবিস্মরণীয় দিন হিসেবে অভিহিত করেন অর্থমন্ত্রী। চীনা জোটটি ডিএসইর ২৫ শতাংশ শেয়ার কিনবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.২), **প্রথম আলো** (পৃ.১৪,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩)।

৫। **মৌলভীবাজারের শ্রীমঙ্গল নিলাম কেন্দ্র চা উৎপাদনকারীদের ব্যয় কমাবে : বাণিজ্যমন্ত্রী**

শ্রীমঙ্গলে দ্বিতীয় চা নিলাম কেন্দ্র চা উৎপাদনকারীদের ব্যয় কমাবে বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, আগামী ২০২১ সালের মধ্যে ১ লাখ ২৫ মিলিয়ন কেজি চা উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। এ জন্য একটি পথনকশা তৈরি করা হয়েছে। চা শিল্পের উন্নয়নে যেসব পদক্ষেপ গ্রহণ করা দরকার, সেসব

উদ্যোগ গ্রহণ করবে সরকার। গতকাল (১৪ মে সোমবার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গলে দেশের দ্বিতীয় চা নিলাম কেন্দ্রে নিলাম কার্যক্রম উদ্বোধন করে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

৬। কোটার ব্যাপারে প্রধানমন্ত্রীর ওপর আস্থা রাখার আহ্বান যোগাযোগমন্ত্রীর

প্রধানমন্ত্রীর ঘোষণার প্রতি শ্রদ্ধা রেখে সরকারি চাকরিতে কোটা সংস্কার আন্দোলনকারীদের ধৈর্য্য ধরার আহবান জানিয়েছেন যোগাযোগমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, প্রধানমন্ত্রী সংসদে এ কোটা বাতিলের ঘোষণা দিয়েছেন। প্রজ্ঞাপন কবে হবে সেটা বিষয় নয়। গতকাল (১৪ মে সোমবার) রাজধানীর ধানমণ্ডিতে বাংলাদেশ মহিলা পরিষদের একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৮)।

৭। আগামীবছর জিডিপি ৮ ভাগ ছাড়িয়ে যাবে : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, আগামী অর্থবছরেই মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধি ৮ শতাংশ ছাড়িয়ে যাবে। যদিও প্রস্তাবিত বাজেটে প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হচ্ছে ৭ দশমিক ৮ শতাংশ। তাছাড়া আগামী অর্থবছরের পর ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার আড়াই লাখ কোটি টাকার মতো হবে। গতকাল (১৪ মে সোমবার) রাজধানীর শেরেবাংলা নগরে তাঁর কার্যালয়ে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৮। রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনে বাংলাদেশ-জাপান আলোচনা

মিয়ানমার থেকে বিতাড়িত রোহিঙ্গাদের আশ্রয় ও সহায়তা প্রদানের জন্য বাংলাদেশের উচ্ছ্বসিত প্রশংসা করেছে জাপান। উভয় দেশ যত দ্রুত সম্ভব মর্যাদা ও নিরাপত্তার সঙ্গে রোহিঙ্গাদের প্রত্যাবাসনের গুরুত্ব সম্পর্কে একমত হয়েছে। গতকাল (১৪ মে সোমবার) টোকিওতে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী ও জাপানের পররাষ্ট্রমন্ত্রী তারো কনো'র মধ্যে দ্বিপক্ষীয় আলোচনায় এ ইস্যুটি উঠে আসে। জাপানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, তার দেশ দ্বিপক্ষীয় স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ের বিকাশসহ বাংলাদেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সহায়তা করবে। জাপানের পররাষ্ট্রমন্ত্রীর আমন্ত্রণে এ এইচ মাহমুদ আলী বর্তমানে টোকিওতে তিনদিনের সরকারি সফরে রয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৮)।

৯। জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে আলোচনা

জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে ইউনিভার্সাল পিরিয়ডিক রিভিউতে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে গতকাল (১৪ মে সোমবার) জেনেভায় পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে বিভিন্ন রাষ্ট্রের প্রশ্নের জবাব দেন আইনমন্ত্রী আনিসুল হক। বিশ্বের আশিটি দেশ এতে প্রতিনিধিত্ব করে। বৈঠকে মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের আশ্রয় দেয়ায় বাংলাদেশের প্রশংসা করা হয়। আইনমন্ত্রী বলেন, রোহিঙ্গাদের আশ্রয় দিতে সরকারের বিপুল পরিমাণ অর্থ খরচ হয়েছে। তিনি আরো বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনটি সবার মতামত নিয়ে প্রণয়ন করা হবে। সরকারের বিভিন্ন এজেন্সি এবং সমাজের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে গত ফেব্রুয়ারিতে ২০১৩-১৭ পর্যন্ত বাংলাদেশের মানবাধিকার সাফল্য ও চ্যালেঞ্জ বিষয়ে একটি পূর্ণাঙ্গ জাতীয় রিপোর্ট জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলে জমা দেয়া হয় যার শুনানি হয় গতকাল। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৩), **প্রথম আলো** (পৃ.১,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

১০। আজ সারাদেশে আতশবাজি উৎসব

ডিসেম্বরের মধ্যে সব ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট

বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটের সফল উৎক্ষেপণ উপলক্ষে আজ ১৫ মে মঙ্গলবার সন্ধ্যা ৭টা থেকে ৮টা পর্যন্ত রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যান, হাতিরঝিল এবং দেশের সব জেলা শহরে আতশবাজি উৎসব হবে। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এ তথ্য জানিয়েছে।

চলতি বছরের ডিসেম্বরের মধ্যে দেশের সব ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ পৌঁছে দেওয়া হবে বলে জানিয়েছেন তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার। গতকাল (১৪ মে সোমবার) আইসিটি টাওয়ারের তথ্যপ্রযুক্তি বিভাগের সভাকক্ষে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অভ্ সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসসের উদ্যোগে তৈরি বেসিস বিবি-স্যাট-১ অ্যাপের উদ্বোধন অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.২)।

১১। সাতকানিয়ায় জাকাতের টাকা ও ইফতার সামগ্রী নিতে এসে প্রাণ গেল ১০ জনের

চট্টগ্রামের সাতকানিয়ায় গতকাল (১৪ মে সোমবার) জাকাতের টাকা ও ইফতার সামগ্রী নিতে এসে করুণ মৃত্যু হয়েছে ১০ নারী ও শিশুর। প্রচণ্ড গরমে ভিড়ের চাপে পদদলিত হয়ে নিহত হন তারা। এ সময় অন্তত অর্ধশত নারী আহত হয়েছেন। আহতদের সাতকানিয়া উপজেলা সদর হাসপাতালসহ আশপাশের বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার তদন্তে কমিটি গঠন করেছে জেলা প্রশাসন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সড়ক অবরোধ করে বিভিন্ন দাবি আদায়ে সভা সমাবেশের কারণে তা জনদুর্ভোগের কারণ হয় উল্লেখ করে সভা-সমাবেশের জন্য পৃথক ব্যবস্থা রাখার সুপারিশ।

খ. **সংবাদ :** বাজারের চেয়ে কয়েকটি পণ্যের দাম বেশি হওয়ায় চট্টগ্রামে টিসিবির পণ্যে ক্রেতাদের সাড়া মিলছে না উল্লেখ করে সরকার নির্ধারিত মূল্যে পণ্য বিক্রি করার সুপারিশ।

গ. **ইনকিলাব, সমকাল, ডেইলি সান, ডেইলি স্টার :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে যানজট তীব্র আকার ধারণ করে অতীতের সব রেকর্ড ভঙ্গ করেছে উল্লেখ করে অবিলম্বে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **বণিক বার্তা :** বেসরকারি বিনিয়োগ বাধাগ্রস্ত হওয়ার অন্যতম কারণ ওয়্যারহাউজ স্বল্পতা উল্লেখ করে সরকারি-বেসরকারি উদ্যোগে মানসম্মত ওয়্যারহাউজ নির্মাণ করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** জনস্বাস্থ্যের ওপর ক্ষতিকর প্রভাব ফেলায় তামাকজাত পণ্যসামগ্রী ভোগে জনগণকে নিরুৎসাহিত করতে গণমাধ্যমে ব্যাপক প্রচারণা চালানোসহ তামাকজাত পণ্যসামগ্রীর ওপর বেশি কর আরোপ করার সুপারিশ।

চ. **ডেইলি সান, ডেইলি স্টার :** আসন্ন রমজানে পণ্যসামগ্রীর মূল্য নিয়ন্ত্রণে রাখতে অসৎ ব্যবসায়ীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কঠোর আইনি পদক্ষেপ নেওয়াসহ টিসিবির মাধ্যমে পণ্যসামগ্রী বিক্রির ব্যবস্থা আরও বাড়ানোর আহ্বান।

ছ. **নিউ নেশন :** চট্টগ্রামের সাতকানিয়ায় ইফতার সামগ্রী বিতরণকালে ভিড়ের চাপে হতাহতের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরণের কর্মসূচি খুবই সতর্কতার সঙ্গে করার আহ্বান।

জ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** স্বাস্থ্যসেবার মান উন্নয়নে দেশের হাসপাতালগুলোতে দক্ষ ও অভিজ্ঞ চিকিৎসকের সংখ্যা বাড়ানোসহ দক্ষ টেকনিশিয়ান, প্যারা মেডিকেল ও নার্সের সেবার সুযোগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নতুন প্রজন্মকে ইয়াবা সেবনের বিরুদ্ধে সচেতন করতে হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'প্রসঙ্গ : শিক্ষাপ্রতিষ্ঠানে শাস্তি নিষিদ্ধকরণ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষার্থীদের জীবনকে আনন্দময় ও ভীতিহীন করতে হলে কেবল শারীরিক ও মানসিক শাস্তিমুক্ত বিদ্যালয়ের কথা ভাবলেই চলবে না, পরিবার ও সমাজের প্রতিটি স্তরকেই শিশুদের জন্য শারীরিক ও মানসিক শাস্তিমুক্ত করার কথা ভাবতে হবে।

#

খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা